

যুগ্মাত্য

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

আন্দোলনরত শিক্ষার্থীদের দাবি মানলেন ভিসি

প্রকাশ : ০৭ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



বেরোবি প্রতিনিধি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বোরোবি) ভর্তি জালিয়াতিতে অভিযুক্ত শিক্ষক-কর্মকর্তাদের বিরুদ্ধে নিষেধাজ্ঞাসহ আন্দোলনরত শিক্ষার্থীদের তিন দফা দাবি মানার ঘোষণা দিয়েছেন ভিসি নাজমুল আহসান কলিমউল্লাহ। ঢাকা-রংপুর মহাসড়ক অবরোধ করে বুধবার দুপুর থেকে শিক্ষার্থীরা আন্দোলন শুরু করলে বিকালেই ভিসি ঘটনাস্থলে উপস্থিত হয়ে দাবি মানার আশ্বাস দেন।

শিক্ষার্থীদের দাবি হল- প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা চলাকালীন ভর্তিচ্ছন্দের আবাসিক হলে থাকার ব্যবস্থা, বিগত বছরে ভর্তি জালিয়াতির সঙ্গে জড়িত শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের ভর্তি পরীক্ষা চলাকালীন ক্যাম্পাসে প্রবেশে নিষেধাজ্ঞা জারি এবং ভর্তি সংক্রান্ত কর্মকাণ্ড থেকে বিরত রাখা। এই দাবিতে বিশ্ববিদ্যালয়ের সামনে মহাসড়কে দুপুর থেকে আন্দোলন শুরু করলে প্রশাসনের পক্ষে শিক্ষার্থীদের সঙ্গে কথা বলতে আসেন সাবেক প্রফ্টের ও শহীদ মুখ্তার ইলাহী হলের প্রভোষ্ট (চলতি দায়িত্ব) শাহীনুর রহমান। এ সময় তাকে অবরুদ্ধ করে রাখে আন্দোলনরতরা। ভিসি কলিমউল্লাহ বিকাল সাড়ে ৪টার দিকে আন্দোলনস্থলে এসে জানান, শিক্ষার্থীদের তিন দফা দাবি প্রশাসনের পক্ষ থেকে মেনে নেয়া হয়েছে। এরপর শিক্ষার্থীরা আন্দোলনস্থল ছেড়ে যায়। এর আগে বেলা ১২টায় আন্দোলনরত শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও প্রশাসনিক ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন করে। এরপর প্রায় চার ঘণ্টা ঢাকা-রংপুর মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করলে ভোগাস্তিতে পড়েন যাত্রীরা।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।